# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৯৯১

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً)

পরিচ্ছেদঃ (৭) মুমূর্ষু ব্যক্তি প্রসঙ্গে বর্ণনা

## 7 ـ فَصْلٌ فِي المُحتضر

আরবী

2991 ـ أَخْبَرَنَا عِمْرَانُ بْنُ مُوسَى بْنِ مُجَاشِعٍ السَّخْتِيَانِيُّ قَالَ: حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ خَلَّادٍ الْبَاهِلِيُّ قَالَ: حَدَّثنا يَحْيَى الْقَطَّانُ قَالَ: حَدَّثَنَا سُلَيْمَانُ التَّيْمِيُّ قَالَ: حَدَّثنا أَبُو عُثْمَانَ عَنْ مَعْقِلِ بْنِ يَسَارٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وسلم: (اقرؤوا على موتاكم يس)

الراوي : مَعْقِل بْن يَسَارٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2991 | خلاصة حكم المحدث: ضعيفـ ((الإرواء)) (688) , ((تخريج المشكاة)) (1622).

قَالَ أَبُو حَاتِمٍ ـ رَضِيَ اللَّهُ عَنْهُ ـ: قَوْلُهُ: (اقرؤوا عَلَى مَوْتَاكُمْ يس)؛ أَرَادَ بِهِ مَنْ حَضَرَتْهُ الْمَنِيَّةُ لَا أَنَّ الْمَيِّتَ يُقْرَأُ عَلَيْهِ

وَكَذَلِكَ قَوْلُهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (لَقِّنُوا مَوْتَاكُمْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ)

বাংলা

২৯৯১. মা‘কিল বিন ইয়াসার রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “তোমারা তোমাদের মাঝে মুমূর্ষু ব্যক্তির নিকট সূরা ইয়াসিন পাঠ করো।”[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বক্তব্য “তোমাদের তোমাদের মাঝে মুমূর্ষু ব্যক্তির নিকট সূরা ইয়াসিন পাঠ করো” এর উদ্দেশ্য হলো ঐ ব্যক্তি যার কাছে মৃত্যু উপস্থিত হয়েছে। এটা উদ্দেশ্য নয় যে, মৃত ব্যক্তির কাছে সূরা ইয়াসিন পড়তে হবে। অনুরুপভাবে রাসূল রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বক্তব্য “তোমরা তোমাদের মুমূর্ষু ব্যক্তিকে لَا إِلَهَ إِلَّا اللَّهُ (আল্লাহ ছাড়া প্রকৃত

কোন মা‘বূদ নেই) এর তালকীন করো ” এর দ্বারাও উদ্দেশ্য হলো মুমূর্ষু ব্যক্তি; মৃত ব্যক্তি নয়।”

ফুটনোট

[1] বাগাবী: ১৪৬৪; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৩/২৩৭; মুসনাদ আহমাদ: ৫/২৬; আবূ দাউদ: ৩১২১; ইবনু মাজাহ: ১৪৪৮; তাবারানী: ২০/৫১০; হাকিম: ১/৫৬৫; সুনান বাইহাকী: ৩/৩৮৩; নাসাঈ, আমালুল ইয়াওমি ওয়াল লাইলাহ: ১০৭৫।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে যঈফ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে যঈফ বলেছেন। (ইরওয়াউল গালীল: ৬৮৮)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ মা‘কিল ইবনু ইয়াসার (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92321

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন